খরিদ্দার বলে 'দর সকলের জানা।
বাজারের দর এক-সের এক আনা।।'
তারক তন্ডুল এনে তার ঠাঁই দিল।
পাঁচ আনা দিয়া পাঁচ সের নিল।।
তারকের নিকটে গোঁসাই বসিয়া।
বলিছেন মিষ্টভাষে হাসিয়া হাসিয়া।।
'তন্ডুলের মূল্য কেন পাঁচ আনা লও।
দশ-পাই রেখে আর ফিরাইয়া দেও।।
আনা আনা লহ যদি তন্ডুলের দাম।
মন্বন্তর বলি তব হইবে দুর্নাম।।
তন্ডুলের একসের হ'লে অর্দ্ধ-আনা।
কিনিতে বেচিতে কোন আটক থাকে না।।
কিনিতেও ভাল আর বেচিতেও তাই।
উভয়ের মনে কোন গোলমাল নাই।।'
তারক বলিল 'প্রভু কেন কর মানা।
বাজার চলতি দর সের এক আনা।।'
গোঁসাই কহিল মূল্য অর্দ্ধ আনা নি'ব।
দাম জানিবারে কেন বাজারেতে যাব।।
সাধুর বাজার বেদা বেদান্তের পার।।
সৃষ্টছাড়া বেদছাড়া সাধুর বাজার।।
গুরু-তরুমূলে আনন্দবাজারে থাকি।
ভবের লোভের হাটে আর কিরে ঢুকি।।
ভিক্ষার তন্ডুল খাস ভান্ডারের ধন।
দরাদরি দিয়া কিবা আছে প্রয়োজন।।
এইটুকু না ছাড়িতে পারিলে এবার।
বল দেখি কিসে হ'ব বেদ-বিধি পার।।'
এত শুনি তারক লইল দশ-পাই।
দশ-পাই ফিরাইয়া দিলেন গোঁসাই।।
সেই হ'তে ভিক্ষার তন্ডুল যত হয়।
অর্দ্ধআনা মূল্যে সব করেন বিক্রয়।।
চারি টাকা জমা হ'ল তারকের ঠাঁই।
চারি টাকা নৌকা হ'তে আনিল গোঁসাই।।
তারকেরে বলে 'এই টাকা তুমি লহ।'
তারক বলিল 'প্রভু কেন টাকা দেহ।।
গোঁসাই বলিল এই টাকা দিব কেনে?
তোমাকে দিতে পারিলে শান্তি হয় প্রাণে।।
তারক কহিছে 'প্রভু তব প্রাণে শান্তি।
এ বাক্য মানিতে বড় আমার অশান্তি।।
আমি কেন গ্রহণ করিব তব স্থান।
তব কৃপাবলে মম হইবে কল্যাণ।।
সামান্য অর্থের দ্বারা তুষিবে আমারে।
বালকে পুতুল দিয়া মোহে যে প্রকারে।।
অতুল রাতুল পদ দেহ মস্তকেতে।
অন্যকে তুষিও প্রভু সামান্য ধনেতে।।'
শুনিয়া গোঁসাই তবে কহিছে গর্জ্জিয়া।।
'তবে মোর টাকা দেহ শীঘ্র ফিরাইয়া।'
তারক আনিয়া টাকা রাখিল চরণে।
প্রভু বলে টাকা রাখ তব সন্নিধানে।।
তব বাড়ী থাকি আমি শীতে কষ্ট পাই।
একখানি কাঁথা হলে গায়ে দিব তাই।।
গৃহ হ'তে তারক আনিল এক কাঁথা।
গোস্বামীর পাদপদ্মে রাখিলেন তথা।।
গোঁসাই বলেন 'ঘরে কাঁথা এস থুয়ে।
একখানি কাঁথা দেহ কিনিয়া আনিয়া।।'
তারক কহিল 'কাঁথা কেহ নাহি বেচে।
গোঁসাই কহিল কায়স্থবাটীতে আছে।
বাটীর নিকটে তব পশ্চিম দিকেতে।
বিধবা দুইটি মেয়ে আছে যে বাড়ীতে।।
সিংহ বাটী গেলে 'কাঁথা পারিবে কিনিতে।'
শুনিয়া তারক যান তাদের বাটীতে।।
জিজ্ঞাসিল কাঁথা নাকি করিবে বিক্রয়?
তাহারা বলিল 'খরিদ্দার পেলে হয়।।
অমনি রমণী কাঁথা করিল বাহির।
নির্দ্ধার্য্য করিল মূল্য দুই টাকা স্থির।।